

১১৭

বিএ পাস পরীক্ষার ফল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৬ সালের বিএ (পাস) এবং সার্ব-সিডিয়ারী পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। বিএ (পাস) পরীক্ষায় এবার শতকরা মাত্র ১০ ভাগ পরীক্ষার্থী পাস করেছেন। কেউ প্রথম বিভাগ পাননি। সর্বমোট ৮,৬৪৮ জন প্রার্থীর মধ্যে মাত্র ১,১২০ জন প্রার্থী কৃতকার্য হয়েছেন। এর মধ্যে ১৭৪ জন প্রার্থী দ্বিতীয় বিভাগে, ১৪০ জন তৃতীয় বিভাগে পাস করেছেন। তিনজনকে 'পাস' দেয়া হয়েছে, অংশগ্ৰহণকারী ১০৭টি কলেজের ১০টি কলেজ থেকে কোন পরীক্ষার্থী কৃতকার্য হতে পারেননি।

বিএ সার্বসিডিয়ারী পরীক্ষায় পাসের হার শতকরা ৫২.৯ ভাগ। অংশগ্ৰহণকারী ৩,০৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে ১,৬২৮ জন কৃতকার্য হয়েছেন।

সার্বসিডিয়ারী পরীক্ষা

১৯৭৬ সালের বিএ বিএসসি, বিকম (পাস এবং সার্বসিডিয়ারী) গাইদিয়া অর্থনীতিতে বিএসসি (পাস) বি মিউজ এবং এলএলবি (সার্বসিডিয়ারী) র সার্বসিডিয়ারী পরীক্ষা আগামী ১৯৭৭ সালের ৪ঠা এবং ৫ই জানুয়ারী অনুষ্ঠিত হবে।

পরীক্ষা শেষে ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজ পিন্সিপাল এবং হল ওভারস্ট অফিসে যোগাযোগ করতে বলা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এ খবর দেয়া হয়েছে।